

বুলেটিন

মার্চ-২০২৪



**Sheikh Fazilatunnessa Mujib Memorial
KPJ Specialized Hospital**

C/12, Tetuiban, Kasimpur, Gazipur, (Near DEP2)
Tel: 02-44077030-31, 24 Hours Hotline/Emergency: 02-44077029 @ www.kpjdhaka.com

CME On Diabetic Kidney Disease

Key Note Speaker

Dr. Md. Mamunur Rashid
MBBS, MD (Nephrology)
Consultant- Nephrology

Expert Panel

Dr. Md. Mostafa Kaiser
MBBS, LL.M (Diploma in Endocrine & Metabolism)
CCD (BRDEM), MACE
Consultant-Endocrinology and Diabetology

Dr. Amal Krishna Paul
MBBS, MRCP (UK), MRCP
Specialist- Internal Medicine

Moderator

Dr. Umme Habiba Saima
BDS, FCPS
Specialist-Orthodontics & Dentofacial Orthopedics

Date: 21st March 2024
Time - 9.00 to 10.30 AM | Venue- KPJ Auditorium

Co-partner
HIZIMOD
PHARMA

Care for Life

Facebook.com/KPIDHAKA | KPJ Dhaka | KPJ Dhaka | KPJ Dhaka | KPJ Dhaka | KPJ Dhaka | Follow us for more detail



শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল
কেপিজে বিশেষায়িত হাসপাতাল
সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ওয়েব: www.sfmmpkjsh.com



উপদেষ্টা মন্ডলী

মোহাম্মদ তওফিক বিন ইসমাইল
প্রধান নির্বাহী কর্মকর্তা
ডাঃ জে.এম.এইচ কাওসার আলম
ভারপ্রাপ্ত মেডিকেল ডিরেক্টর
নূর আদীলা বিনতি শুইব
প্রধান অর্থনৈতিক কর্মকর্তা
রুজিতা মোহাম্মদ দান
প্রধান নার্সিং কর্মকর্তা

মুখ্য সম্পাদক

ডাঃ সৈয়দা সানজিদ আরা নূপুর
গাইনী ও প্রসূতি রোগ বিশেষজ্ঞ

সহ - সম্পাদক

ডাঃ মোদাস্‌সির হোসাইন শাহী
সিনিয়র এক্সিকিউটিভ এন্ড ডেন্টাল সার্জন

সদস্য

রনি চক্রবর্তী
বিকাশ চন্দ্র ঘোষ

চিকিৎসা বিজ্ঞানের যুগান্তকারী আবিষ্কার পেইন মেডিসিন

ডাঃ রঞ্জন কুমার মণ্ডল

এম বি বি এস, ডি এ, এফ আই পি এম (ইন্ডিয়া)

আধুনিক চিকিৎসা বিজ্ঞানের এক যুগান্তকারী আবিষ্কার পেইন মেডিসিন। ব্যথার রোগীদের জন্য বিশেষভাবে এই পেইন মেডিসিনের যাত্রা শুরু। যাদের ব্যথা সাধারণত সার্জারি করে ঠিক হয় না অথবা সার্জারি করলেও পুরোপুরি ব্যথার প্রতিকার হয় না আবার যেসব ব্যথা কখনো পুরোপুরি ভালো হবে না যেমন- ক্যান্সারের ব্যথা তাদের জন্য পেইন মেডিসিন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ক্যান্সার ব্যথার ক্ষেত্রে কিছু মেডিকেশন এবং ইন্টারভেনশন করে ব্যথা অনেক দিন কমিয়ে রাখা যায় এবং রোগীর দৈনন্দিন জীবন যাত্রার মান উন্নয়ন হয়। আমি নিচে কিছু কিছু বিশেষ রোগের ক্ষেত্রে পেইন মেডিসিনের ভূমিকা আলোচনা করব -

১. ব্যাক পেইন/কোমর ব্যথা :

কোমর ব্যথা মধ্য বয়স্ক রোগীদের একটি অন্যতম রোগ। সার্জারি অনেক ব্যয়বহুল এবং অনেক সময় পার্শ্ব প্রতিক্রিয়া থাকে এবং পুরোপুরি ব্যথা মুক্ত হয়না। এজন্য ইন্টারভেনশনাল পেইন মেডিসিন এক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে আজকাল। এপিডুরাল স্টেরয়েড ইনজেকশন, ফ্যাসেট জয়েন্ট ব্লক, ওজোন ডিসকোলাইসিস, পিআরপি থেরাপি, ইন্ট্রাথেকাল পাম্প ইত্যাদি প্রসিডিওর এর মাধ্যমে কোমর ব্যথা অনেকাংশে ৮০-৯০% পর্যন্ত নিরাময় করা সম্ভব। তাই সার্জারির থেকে আজকাল মানুষ কোমর ব্যথার জন্য ইন্টারভেনশনাল পেইন মেডিসিনের দিকে বেশি ঝুকছে।

২. সোল্ডার পেইন বা কাঁধের ব্যথা, কুনুই বা ব্যথা হাতের দীর্ঘ দিনের ব্যথা :

হাতের এবং কাঁধের দীর্ঘদিনের ব্যথা যা ওষুধ খেয়ে ঠিক হচ্ছে না এবং সার্জারি করা সম্ভব না যেসব ব্যথার জন্য পেইন মেডিসিন খুব ভালো কাজ করে। টেনিস এলবো, টেনো সাইনুভাইটিস, গলফার'স এলবো, টেন্ডিনাইটিস ইত্যাদি এসব বিশেষ ক্ষেত্রে স্টেরয়েড এবং লোকাল এ্যানেসথেসিয়া ইনফিল্ট্রেশন খুব ভালো কাজ করে ব্যথা নিরাময় করে।

৩. ক্যান্সার পেইন এবং মায়োফেসিয়াল পেইন :

মায়োফেসিয়াল পেইন - মায়োফেসিয়াল পেইন এর ক্ষেত্রে ম্যাসল রিল্যাকট্যান্ট ড্রাগ এবং লোকাল এ্যানেসথেসিয়া ইনফিল্ট্রেশন খুব ভালো কাজ করে। যেখানে ঔষধ ভালো কাজ

করে না সেখানে ইন্টারভেনশনাল পেইন মেডিসিন খুব ভালো কাজ করে।

ক্যান্সার পেইন :

ক্যান্সারের ব্যথা অত্যন্ত তীব্র এবং অসহ্য যন্ত্রণাদায়ক। মেডিসিন দিয়ে ইন্টারভেনশন ব্যতীত এই তীব্র ব্যথা কমানো সম্ভব না। নিম্নলিখিত পদ্ধতিতে ক্যান্সারের ব্যথা কমানো যায়।

ক. ইন্ট্রা মাসকুলা অপয়েড ইনজেকশন।

খ. ফেন্টানিল ট্রান্সডার্মাল প্যাচ

গ. ইন্টারভেনশনাল ইনফিউশন ওপয়েড।

ঘ. পেরিফেরাল নার্ভ ব্লক।

ঙ .ভার্টিব্রোপ্লাস্টি


চ. স্পাইনাল কর্ড স্টিমুলেশন

শেখ ফজিলাতুল্লাহ মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে নিয়মিত ইন্টারভেনশনাল পেইন ম্যানেজমেন্ট প্র্যাক্টিস করে আসছে ডাঃ রঞ্জন কুমার মণ্ডল। দীর্ঘদিন ধরে ভুগতে থাকা ব্যথার নিরাময় পেতে যোগাযোগ করুন আমার এনেস্থেশিয়া ও পেইন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে।



আন্তর্জাতিক নারী দিবস : ৮ মার্চ

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। প্রতি বছর, নারী দিবস একটি অনন্য থিম নিয়ে পালিত হয়। এই বছর, আন্তর্জাতিক নারী দিবস ২০২৪-এর থিম 'নারীতে বিনিয়োগ করুন: অগ্রগতি ত্বরান্বিত করুন', অর্থনৈতিক ক্ষমতায়নকে লক্ষ্য করে। সেই সাথে এই বছরের প্রচারণার আরেকটি থিম 'নারীদের অন্তর্ভুক্তি অনুপ্রাণিত করুন'। প্রচারাভিযানের থিম সমাজের সকল দিকের বৈচিত্র এবং নারীর ক্ষমতায়নের গুরুত্বের উপর জোর দেয়। আন্তর্জাতিক নারী দিবসে শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে কর্মরত সকল নারী কর্মীদের শুভেচ্ছা কার্ড ও চকলেট ও ফুল দিয়ে শুভেচ্ছা বিনিময় করেন অত্র হাসপাতালের সম্মানিত সিইও জনাব, মোহাম্মদ তওফিক বিন ইসমাইল। যথাযথ মর্যাদার সাথে দিবসটি পালন করা হয়।



অতিরিক্ত মেদ ভুঁড়ি কমানোর উপায়

কানিজ ফাতেমা লিমা

ক্লিনিকাল ডায়েটিশিয়ান

অতিরিক্ত মেদ বা ভুঁড়ি আমাদের জীবনের অন্যতম একটি সমস্যা। মধ্যবয়সী, বার্ধক্য ও অল্পবয়সী ছেলেমেয়েদের মধ্যে এই সমস্যা কম বেশি দেখা যাচ্ছে। যারা সারাদিন অফিসে বসে কাজ করেন, যারা গৃহিণী কিন্তু বাসায় কাজ করার লোক আছে, আবার যারা স্টুডেন্ট সবসময় বসে বসে পড়াশুনা করে, চলাফেরা কম করে, তাদের মধ্যে এই সমস্যা গুলো বেশি দেখা যায়। আমাদের অনিয়ন্ত্রিত খাদ্য ব্যবস্থা ও অনিয়মিত জীবন যাপন এর জন্য এই সমস্যা বেশি দেখা দিচ্ছে। আমরা অনেকে মনে করি যে, আমরা সারাদিন একবার অথবা দুইবার খাচ্ছি কিন্তু মেদ ভুঁড়ি কেন কমছে না। নিয়ন্ত্রিত খাদ্যব্যবস্থা ও সঠিক জীবন যাপন অভ্যাস আমাদের রক্ষা করতে পারে অতিরিক্ত মেদ ভুঁড়ি জনিত সমস্যা থেকে।

অতিরিক্ত মেদ ভুঁড়ি কমাতে যে ধরনের খাবার খেতে হবে:

- ফাইবার সমৃদ্ধ খাবার বেশি করে খেতে হবে, যেমনঃ শাকসবজি, ফল, লালচাল, লাল আটা, ইসুফগুলের ভুসি, চিয়া সিড ইত্যাদি।
- কাঠবাদাম, চিনাবাদাম, সামুদ্রিক মাছ, শিমের বাঁচি ইত্যাদি খাবার আমাদের শরীরে খারাপ কোলেস্টেরল কমিয়ে ভালো কোলেস্টেরলের পরিমাণ বাড়াতে সাহায্য করে।
- গ্রিন টি, এতে প্রচুর পরিমাণ অ্যান্টিঅক্সিডেন্ট থাকে যা অতিরিক্ত মেদ চর্বি ঝরাতে সাহায্য করে।
- টক দই, এই খাবারটি আমাদের স্বাস্থ্যের জন্য খুবই উপকারী। এতে ফ্যাট অনেক কম থাকায় অতিরিক্ত মেদ ভুরি ও ওজন কমাতে সাহায্য করে। এই টক দইটি যদি ঘরে বানানো হয়, তাহলে এর উপকারিতা আরও বহুগুণ বেড়ে যায়। এছাড়া টক দইয়ে ক্যালসিয়াম থাকায়, আমাদের হাড় ও দাঁতের জন্য উপকারি।
- অতিরিক্ত তেল মশলা যেমন শরীরের জন্য ক্ষতিকর, তেমন আবার কিছু মশলা আছে, যাদের নিজস্ব অনেক গুণাগুণ আছে। যেমনঃ দারুচিনি, আদা, গোলমরিচ, কাঁচামরিচ ও রসুন। এগুলো শরীরের মেদ কমাতে সাহায্য করে।
- সারাদিন পানি খেতে হবে প্রচুর পরিমাণে। পানি আমাদের মেটাবোলিজম ও হজম প্রক্রিয়ার উন্নতি সাধন করে, ক্ষুধাভাব নিয়ন্ত্রণ করে।

যেসব খাবার এড়িয়ে চলতে হবে:

অতিরিক্ত তেল, মশলা, ঘি, মাখন, রেড মিট, ফাস্ট ফুড, বাইরের ডুবো তেলে ভাজা খাবার, চিনি, মিষ্টি, মিষ্টিজাতীয় খাবার, এলকোহল, সফট ড্রিঙ্কস ও অতিরিক্ত শর্করা খাবার এড়িয়ে চলতে হবে, পেটের মেদ ভুঁড়ি কমানোর জন্য।

জীবন যাপন ব্যবস্থার পরিবর্তন:

- আমরা যারা অফিসে সারাদিন বসে বসে কাজ করি, যারা সারাদিন বাসায় শুয়ে বসে দিন পার করি এবং যারা সারাদিন ক্লাসে ও বাসায় পড়ার টেবিলে সময় অতিবাহিত করি, তারা একটানা বসে না থেকে (৪০-৪৫) মিনিট পর পর উঠে (৫-১০) মিনিট হাঁটাচলা করে আবার কাজ শুরু করতে হবে।
- অনেকেই আছে খাবার খাওয়ার পর ঘুমিয়ে পড়ে, এটা করা থেকে বিরত থাকতে হবে। খাবার খাওয়ার পর (১৫-২০) মিনিট একটু হাঁটাচলা করে তারপর ঘুমাতে হবে।
- কোনো বেলার খাবার বাদ দেয়া যাবে না। অনেকেই একবেলার খাবার ক্ষিপ করে অন্য বেলায় খায়। এটা করা যাবে না, এতে হিতে বিপরীত হতে পারে। সারাদিন অল্প অল্প করে ৬ বার খাবার খেতে হবে।
- খাবার সময় নিয়ে আস্তে আস্তে খেতে হবে, এতে হজম প্রক্রিয়া সহজ হয় এবং মানসিক ভাবে শান্তি পাওয়া যায়। ব্রেইনে মনে হয় অনেকটা খাবার খাওয়া হয়েছে, তাতে পেট ভরে যায়। খাবার খাওয়ার জন্য ছোট সাইজের প্লেট নির্বাচন করা ভালো এবং সব খাবার একবারে প্লেটে নিয়ে খাওয়া ভালো। এতে খাবার পরিমাণে কম খাওয়া যায়।
- প্রতিদিন একটা নির্দিষ্ট সময় বের করে সেই সময় হাঁটাচলা, ব্যায়াম, খেলাধুলা করতে হবে। নিজেকে সময় দিতে হবে। এতে মেদ ভুরি কমানো সহজ হবে।
- প্রতিদিন পর্যাপ্ত পরিমাণে পানি পান করতে হবে। পানি শরীরের মেটাবোলিজম ও হজম প্রক্রিয়ার উন্নতি সাধন করে। ক্ষুধাভাব নিয়ন্ত্রণ করতে সাহায্য করে। প্রতিদিন (১০-১২) গ্লাস পানি পান করতে হবে।
- ঘুম শরীরকে সুস্থ ও ফিট রাখতে সাহায্য করে। প্রতিদিন কমপক্ষে (৭-৮) ঘণ্টা ঘুমাতে হয়, একজন সুস্থ মানুষকে। ঘুমের ঘাটতি হলে করটিসোল হরমোনের প্রভাব বেড়ে যায় ফলে মানুষের মধ্যে উচ্চ ক্যালরি যুক্ত খাবার খাওয়ার প্রবণতা বেড়ে যায়। তাই নিয়মিত ঘুম অতিরিক্ত মেদ কমাতে সাহায্য করে।

সঠিক জীবন যাপন ও খাদ্যব্যবস্থা অতিরিক্ত মেদ ভুঁড়ি জনিত সমস্যা থেকে রক্ষা করতে পারে। এর সাথে কোনো বিশেষ রোগ থাকলে খাবারের ব্যবস্থা কেমন হবে, কোন খাবার কতটুকু পরিমাণে কোন সময় খেতে হবে, কোন খাবার খাওয়া বন্ধ করতে হবে, সেটা জানার জন্য একজন পুষ্টিবিদের পরামর্শ নিতে হবে।

বিশ্ব কিডনি দিবস ২০২৪: ১৪ মার্চ

বৃহস্পতিবার, ১৪ মার্চ ২০২৪, শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল বিশ্ব ব্যাপি কিডনি রোগীদের সম্মান জানাতে কিডনি দিবস ২০২৪ উদযাপন করে। আমরা জানি যে মার্চ মাসের প্রতি দ্বিতীয় বৃহস্পতিবার বিশ্ব কিডনি দিবস পালিত হয়। বিশ্ব কিডনি দিবস ২০২৪ এর থিম হলো **সকলের জন্য কিডনি স্বাস্থ্য - যত্ন এবং সর্বোত্তম ওষুধের অনুশীলনে ন্যায়সঙ্গত অ্যাক্সেসের অগ্রগতি**। দিবস টি পালনের জন্য সচেতনতা মূলক অনুষ্ঠান আয়োজন করা হয় এবং হাসপাতালে অবস্থানরত কিডনি রোগীদের মাঝে উপহার সামগ্রী বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ম্যাডাম নূরআদিলাহ্ বিনতে শুইব- প্রধান অর্থ কর্মকর্তা এবং রুযিতা মোহাম্মদ দান- প্রধান নার্সিং অফিসার, ভারপ্রাপ্ত মেডিকেল ডিরেক্টর ডাঃ জে.এম.এইচ. কাওসার আলম, ডাঃ মামুনুর রশিদ-কনসালটেন্ট নেফ্রোলজি, ডাঃ রনেন বিশ্বাস-কনসালটেন্ট ইউরোলজি এবং হাসপাতালের সম্মানিত কনসালটেন্ট ও এবং হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।




জাতীয় শিশু দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মদিন উদযাপন: ১৭ মার্চ ২০২৪

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে ১৭ মার্চ ২০২৪, রোজ-রবিবার, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়। ভারপ্রাপ্ত মেডিকেল ডিরেক্টর ডাঃ জে.এম.এইচ কাওসার আলম অনুষ্ঠানের উদ্বোধনী বক্তব্য রাখেন। এ সময় উপস্থিত ছিলেন ম্যাডাম নূরআদিলাহ্ বিনতে শইব- প্রধান অর্থ কর্মকর্তা ও রুযিতা মোহাম্মদ দান- প্রধান নার্সিং অফিসার, নার্সিং কলেজের অধ্যক্ষ ম্যাডাম রুমানা আক্তার খাতুন এবং হাসপাতালের সম্মানিত চিকিৎসক গণ ও কর্মকর্তা কর্মচারীবৃন্দ। অনুষ্ঠান চলাকালীন বঙ্গবন্ধুর দৃষ্টিভঙ্গি ও বাঙালি জীবনে তার সংগ্রাম মুখর জীবনের গভীর প্রভাবকে কেন্দ্র করে আলোচনা করা হয়। বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রে পরিণত করার ক্ষেত্রে তার অগ্রণী ভূমিকার ওপর জোর দেওয়া হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে বিশেষ ডিসকাউন্ট অফার উদ্বোধন করা হয়। যার মধ্যে উল্লেখযোগ্য ছিল-

- ৫০% ছাড় : বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা চিকিৎসা সেবা, ফিজিওথেরাপী ও পুষ্টিবিদ কনসালটেশন (সকাল ০৮:০০টা থেকে দুপুর ০২:০০টা পর্যন্ত)
- ২০% ছাড়: সকল প্রকার ল্যাব ও রেডিওলজি পরীক্ষায় (সকাল ০৮:৩০টা থেকে দুপুর ০২:০০টা পর্যন্ত)
- ১০% ছাড় : ভর্তি রোগীর বিলের উপর (সকাল ০৮:০০টা থেকে রাত ০৮টা পর্যন্ত; *সকল প্রকার ঔষধ ব্যতীত)

শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল
কেপিজে বিশেষায়িত হাসপাতাল
পি/১২, তেঁতুলবাড়ি, কামিলাপুর, গাজীপুর। ওয়েব: www.sfmnikgish.com Care For Life



জাতির জনক বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান
১০৪তম জন্মদিন ও
জাতীয় শিশু দিবস
উপলক্ষে বিশেষ কার্যক্রম

তারিখ : ১৭ মার্চ ২০২৪, রোজ : রবিবার

৫০% ছাড় বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা চিকিৎসা সেবা,
ফিজিওথেরাপি ও পুষ্টিবিদ কনসালটেশন
(সকাল ৮:০০ হতে দুপুর ২টা পর্যন্ত)

সকল প্রকার ল্যাব ও রেডিওলজি পরীক্ষায়
(সকাল ৮:৩০ হতে দুপুর ২টা পর্যন্ত)

২০% ছাড়

১০% ছাড় ভর্তি রোগীর বিলের উপর
(সকাল ৮টা হতে রাত ৮টা পর্যন্ত)
*সকল প্রকার ঔষধ ব্যতীত

■ শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা ■ দোয়া ও কোরআন খতম





বিশেষ ছাড়ের অফার উদ্বোধনের পরে আনুষ্ঠানিকভাবে বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন ও সমাপনী ঘোষণা করা হয়। অনুষ্ঠান শেষে হাসপাতালে চিকিৎসাধীন শিশু ও নবজাতকদের হাতে বেলুন ও আকর্ষণীয় গিফট হ্যাম্পার তুলে দেওয়া হয়। অন্যদিকে আমাদের নার্সিং কলেজ ৫ থেকে ১৩ বছর বয়সী শিশুদের জন্য একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেন। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের পাশাপাশি সকল অংশগ্রহণকারীদেরকে আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হয়। এছাড়া হাসপাতাল মসজিদে মাদ্রাসা শিক্ষার্থীদের অংশগ্রহণে কোরআন তেলাওয়াত ও দোয়ার আয়োজন করা হয়। কোরআন তেলাওয়াতের পর ব্যবস্থাপনা পরিচালকদের উপস্থিতিতে সকল মাদরাসার শিক্ষার্থীদের মাঝে কোরআন শরীফ বিতরণ করা হয়।

ডায়াবেটিক কিডনি ডিজিজের উপর সেমিনার অনুষ্ঠিত

২১ শে মার্চ ২০২৪ এ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে অনুষ্ঠিত হয়ে গেল ডায়াবেটিক কিডনি ডিজিজের উপর এক সেমিনার। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র হাসপাতালের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ তওফিক বিন ইসমাইল। আরো উপস্থিত ছিলেন অত্র হাসপাতালের ভারপ্রাপ্ত মেডিকেল ডিরেক্টর ডাঃ জে.এম.এইচ কাওসার আলম সহ অত্র হাসপাতালের উর্ধ্বতন কর্মকর্তা এবং চিকিৎসক গণ। উক্ত সেমিনারে ডায়াবেটিসের কারণে কিডনি রোগের ঝুঁকি এবং এর প্রতিকার নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা উপস্থাপন করা হয়। মূল প্রবন্ধের আলোচনা উপস্থাপন করেন অত্র হাসপাতালের সনামধন্য কিডনি রোগ এবং ডায়ালাইসিস বিশেষজ্ঞ ডাঃ মামুনুর রশীদ (এমবিবিএস, এমডি)। প্রশ্নোত্তর পর্বের আলোচনায় উপস্থিত ছিলেন এন্ডোক্রাইন এবং ডায়াবেটিস বিশেষজ্ঞ ডাঃ মোস্তফা কায়সার এবং ইন্টার্নাল মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ অমল কৃষ্ণ পাল।

**Sheikh Fazilatunnessa Mujib Memorial
KPJ Specialized Hospital**

C/12, Tetuibari, Kasimpur, Gazipur. (Near DEPZ)
Tel: 02-44077030-31, 24 Hours Hotline/Emergency: 02-44077029 @ www.kpjdhaka.com

CME On Diabetic Kidney Disease

Key Note Speaker

Dr. Md. Mamunur Rashid
MBBS, MD (Nephrology)
Consultant- Nephrology

Expert Panel

Dr. Md. Mostofa Kaiser
MBBS, D.E.M (Diploma in Endocrine & Metabolism)
CDD (BIRDEM), MACE
Consultant-Endocrinology and Diabetology

Dr. Amal Krishna Paul
MBBS, MRCP (UK), MRCPG
Specialist - Internal Medicine

Moderator

Dr. Umme Habiba Saima
BDS, FCPs
Specialist-Orthodontics & Dentofacial Orthopedics

Date-21st March 2024
Time - 9.00 to 10.30 AM | Venue-KPJ Auditorium

Co-partner
BEXIMCO PHARMA

Care for Life

Facebook.com/KPIDHAKA | KPJ Dhaka | KPJ Dhaka | KPJ Dhaka | KPJ Dhaka | Follow us for more detail



আলোচনায় আলোকপাত করা হয় যে বাংলাদেশে প্রতি ৩ জন ডায়াবেটিস রোগীর মধ্যে একজন কিডনি রোগে আক্রান্ত। অতিরিক্ত উচ্চ রক্তচাপ, হাত পায়ে পানি চলে আসা, ঘোলাটে প্রস্রাব, মানসিক অবসাদগ্রস্ততা, শ্বাস কষ্ট, ক্ষুধা মন্দা ইত্যাদি ডায়াবেটিক কিডনি রোগের প্রধান লক্ষণ। অতিরিক্ত গ্লুকোজের উপস্থিতি কিডনির রক্তনালিকা গুলো অচল করে দেয়। তাই কিডনি কাজ করতে পারে না। যথাযথ পদক্ষেপের মাধ্যমে ঔষধ সেবন, জীবন ধারা বদলানো এবং খাদ্যাভ্যাস পরিবর্তনের মাধ্যমে ডায়াবেটিক কিডনি রোগ থেকে সুস্থ থাকা সম্ভব। শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে রয়েছে কিডনি এবং ডায়াবেটিস রোগের সকল সুচিকিৎসার ব্যবস্থা। আধুনিক সরঞ্জাম সহ রয়েছে কম খরচে ডায়ালাইসিসের ব্যবস্থা। তাই দেরি না করে আমাদের সেবা নিন, সুস্থ থাকুন।

৫৪তম স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪: ২৬ মার্চ


মঙ্গলবার, ২৬ মার্চ ২০২৪ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজে দেশপ্রেম, উদ্যম, মর্যাদা ও গর্বের সাথে বাংলাদেশের ৫৪তম স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন করা হয়। শুরুতেই সম্মানিত সিইও জনাব মোহাম্মদ তওফিক বিন ইসমাইল স্বাধীনতা দিবসের উপরে তার বক্তব্য প্রদান করেন এবং সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। সেই সাথে মহান স্বাধীনতা যুদ্ধে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানকে শ্রদ্ধাভরে স্মরণ করেন। নার্সিং কলেজের অধ্যক্ষ ম্যাডাম রুমানা আক্তার খাতুন স্বাধীনতার ইতিহাস বিস্তৃতভাবে তুলে ধরেন এবং বঙ্গবন্ধুর অবদানকে স্মরণ করে তার বক্তব্য প্রদান করেন।

আজ থেকে ৫৩ বছর আগে এই দিনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছিলেন, যার অনুসরণে ঐক্যবদ্ধ জনগণ মুক্তিযুদ্ধে অংশ নিয়েছিল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ম্যাডাম নূরআদিলাহ বিনতে শুইব- প্রধান অর্থ কর্মকর্তা ও রুঘিতা মোহাম্মদ দান- প্রধান নার্সিং কর্মকর্তা এবং হাসপাতালের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং নার্সিং কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা। জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশনার মাধ্যমে যথাযথ ভাবগাম্ভীর্যের মাধ্যমে দিন টি উদযাপন করা হয়। অনুষ্ঠানের শেষে হাসপাতালের নিরাপত্তা বাহিনী বাংলাদেশের জাতীয় পতাকাকে সম্মান প্রদর্শন করেন ও অভিবাদন জানান। জাতীয় স্লোগান-জয় বাংলা দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



বিশ্ব চিকিৎসক দিবস ৩০ মার্চ ২০২৪

শনিবার, ৩০ মার্চ ২০২৪ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে উদযাপিত হয় বিশ্ব চিকিৎসক দিবস ২০২৪। বিশ্বব্যাপি চিকিৎসকদের অবদান কে শ্রদ্ধাভরে স্মরণ করে এই দিন টি উদযাপন করা হয়। বৈশ্বিক স্বাস্থ্যসেবা ব্যবস্থার কাঠামোতে চিকিৎসকদের গুরুত্বপূর্ণ অবদান এবং তাদের কর্মপরিধির প্রতি আরো উৎসাহ প্রদানের জন্য সবাই সমবেত হয় কেপিজে অডিটরিয়ামে। অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য রাখেন প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ তওফিক বিন ইসমাঈল। শুভেচ্ছা বক্তব্য রাখেন অত্র হাসপাতালের ভারপ্রাপ্ত মেডিকেল ডিরেক্টর ডাঃ জে.এম.এইচ কাওসার আলম। বক্তব্য শেষে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে চিকিৎসকদের শুভেচ্ছা জানানো হয়। সমবেত উপস্থিতির জ্ঞাতার্থে বিভিন্ন মেডিকেল কোড নিয়ে বিস্তারিত আলোচনা করেন হাসপাতাল কোড কমিটির চেয়ারপার্সন ডাঃ কে এম আদনান বুলবুল। অনুষ্ঠান শেষে ফুল, মিষ্টি এবং উপহার দিয়ে চিকিৎসক দের শুভেচ্ছা জানানো হয়।





শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল

সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ওয়েব: www.sfmmkpjsh.com

গ্রাহক সেবা কেন্দ্র ০২-৪৪০৭৭০৩০-৩১



ফোন: (+৮৮) ০১৮১০-০০৮০৮০